

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারকঃ বিআইসিএম/প্রশাসন/নিয়োগ ২০১৮-১৯/০০৪/১৮-১২৬০

তারিখঃ ১৭ ডিসেম্বর, ২০১৮

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর তত্ত্বাবধানে পরিচালিত একটি প্রতিষ্ঠান। ইনস্টিটিউটের প্রধান লক্ষ্য পুঁজিবাজারের জন্য দক্ষ জনবল তৈরি এবং তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান প্রসার করা। ইন্সটিটিউটের শূন্য পদে স্থায়ী নিয়োগের জন্য নিম্নোক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

অনুষদ					
ক্রমিক নং	পদের নাম	আবেদনের জন্য সর্বোচ্চ বয়স সীমা	পদের সংখ্যা	বেতন	শিক্ষাগত যোগ্যতা
০১	প্রভাষক (স্থায়ী)	৩২	০৪	মূল বেতন ৪৫,০০০/-টাকা, অন্যান্য সুবিধাদিসহ মোট বেতন ৭০,৫০০/- টাকা	ফিন্যান্স/ব্যবসায় প্রশাসন/ বিজ্ঞান/ব্যবস্থাপনা/ অর্থনীতি পরিসংখ্যানে প্রথম শ্রেণির স্নাতক সম্মান (চার বৎসর মেয়াদী) ও প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি [সিজিপিএর ক্ষেত্রে উভয়টিতে ন্যূনতম ৩.৫০ থাকতে হবে]

- * নির্বাচিত প্রার্থীগণ নিয়ম অনুযায়ী ইন্সটিটিউটের খরচে বিদেশে প্রশিক্ষণ এবং শিক্ষা ছুটির সুবিধা পাবেন।
- * প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

শর্তাবলীঃ

- (১) আত্মহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (১৭ জানুয়ারি, ২০১৯ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ বিআইসিএম এর ওয়েবসাইট (www.bicm.ac.bd/about/career) হতে সংগৃহীত আবেদনপত্রের নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল, সনদপত্র এবং নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি ডাকযোগে *নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), ৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ তলা ও ৯ম-১০ম তলা) ঢাকা-১০০০* বরাবর আগামী ১৭ জানুয়ারি, ২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- (২) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের অনুলিপি, মার্কশীট এর অনুলিপি, ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, নাগরিক সনদপত্রের অনুলিপি, অভিজ্ঞতার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- (৩) আবেদনপত্রের খামের উপরে ডান পাশে পদের নাম অবশ্যই উল্লেখ থাকতে হবে।
- (৪) সরকারি, আধা-সরকারি, দপ্তর/সংস্থা, সায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (৫) ভূয়া তথ্য সম্বলিত/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন দর্শনো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- (৬) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থিত পদে নিয়োগ দিতে বাধ্য থাকবে না।
- (৭) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।
- (৮) লিখিত পরীক্ষা/সাক্ষাতকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- (৯) কর্তৃপক্ষ পদের সংখ্যা/হাস বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
- (১০) প্রার্থীকে সাক্ষাতকারের সময় আবেদনপত্রের সাথে সকল সনদের ও প্রামাণিক দলিলের মূলকপি প্রদর্শন করতে হবে।
- (১১) উল্লিখিত পদসমূহের বিপরীতে যাচিত যোগ্যতাসহ নিয়োগ সংক্রান্ত বিস্তারিত তথ্য বিআইসিএম এর ওয়েবসাইট www.bicm.ac.bd/about/career - এ পাওয়া যাবে।
- (১২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইনস্টিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

Nithaenath
নির্বাহী প্রেসিডেন্ট (ভারপ্রাপ্ত) 17/12/18
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট